

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা - ৭০০ ০০৭

ফোন নং - (০৩৩) ২২৪১-২০৬০

সার্কুলার - ৮/২০২৩

তারিখ ২৬-০৮-২০২৩

কনভেনর প্রাইমারী ইউনিট/সম্পাদক জেলা কমিটি

-----কলেজ/বিশ্ববিদ্যালয়


সাথী,

নানা প্রতিকূলতা ও প্রাকৃতিক দুর্যোগ উপেক্ষা করে গত ১ আগস্ট, ২০২৩ সমিতির ডাকে সল্টলেক করুণাময়ীতে অবস্থান কর্মসূচিতে প্রাণবন্ত উপস্থিতির জন্য সমিতির পক্ষ থেকে আপনাদের আন্তরিক অভিনন্দন জানাই।

বিগত এক দশক ধরে অধ্যাপক সমিতির সদস্যবন্ধুরা রাজ্যের শিক্ষা প্রতিষ্ঠানে অগণতান্ত্রিক পরিচালন ব্যবস্থার বিরুদ্ধে, ক্ষমতাসীন রাজনৈতিক দলের সন্ত্রাসের বিরুদ্ধে, সর্বোপরি রাজ্যের বিপর্যস্ত শিক্ষা ব্যবস্থার হত গৌরব পুনরুদ্ধারের দাবিতে শিক্ষক দিবসের প্রাক্কালে মহানগরীর রাজপথে প্রতিবাদ কর্মসূচিতে সামিল হয়েছেন। আপনারা সকলেই অবগত আছেন বর্তমানে দেশ তথা রাজ্যের শিক্ষাক্ষেত্র অন্ধকারাচ্ছন্ন। রাজ্যে ইতিমধ্যে কার্যকর হয়েছে ছাত্র স্বার্থ বিরোধী 'জাতীয় শিক্ষানীতি ২০২০'। দীর্ঘ একদশক ধরে শিক্ষাক্ষেত্রে ধারাবাহিক অরাজকতার ও নৈরাজ্যের প্রতিবাদে অন্যান্য বারের মতন এবারেও শিক্ষক দিবসের প্রাক্ মুহূর্তে অর্থাৎ ৪ সেপ্টেম্বর, ২০২৩ বিকেল ৪ টায় কলেজ স্কোয়ারে বিদ্যাসাগর মূর্তির পাদদেশে অধ্যাপক সমিতির আহ্বানে বিক্ষোভ সমাবেশে আপনাদের সকলকে সামিল হওয়ার অনুরোধ জানাই।

আশা করি সমিতির অতীত ঐতিহ্যের কথা স্মরণে রেখে সমিতির এই কর্মসূচিকে আপনারা সফল করবেন।

শুভেচ্ছা সহ,



(কেশব ভট্টাচার্য)

সাধারণ সম্পাদক

মোবাইল নং ৯৮৩০০২১৭৯৪